# বাংলাদেশ ব্যাংক

## প্রধান কার্যালয়

ডাকবাক্স-৩২৫
ঢাকা।

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

Web: www.bb.org.bd
Fax: 88-02-9512991


এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- **৬**

তারিখঃ ০২ ডিসেম্বর, ২০১৫ ইং
১৮ অগ্রহায়ণ, ১৪২২ বাং

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

**প্রিয় মহোদয়,**

**"কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল"**
**এর সার্কুলার সংশোধন/সংযোজন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৪ জুলাই, ২০১৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-৪/২০১৫ এর অনুচ্ছেদ নং-৪.৩.৪(ঘ) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারে উল্লেখ রয়েছে যে, "ঋণ আবেদনকারী নতুন উদ্যোক্তাকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত কোন সরকারি কিংবা বেসরকারি উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান হতে উদ্যোক্তা উন্নয়ন, ব্যবসা পরিচালনা, বাজারজাতকরণ ইত্যাদি বিষয়ে অথবা অন্যান্য কারিগরী বিষয় (পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, যন্ত্রপাতি মেরামত ইত্যাদি)-এ সাফল্যজনকভাবে প্রশিক্ষণ গ্রহণের সার্টিফিকেট থাকতে হবে।" সার্কুলারে বর্ণিত শর্তের আলোকে নতুন উদ্যোগ গ্রহণে আগ্রহী উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানের জন্য ২৮টি উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হয়েছে (সংযোজনী-ক দ্রষ্টব্য)। নতুন উদ্যোক্তাগণকে ঋণ প্রদানের সময় উক্ত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট বিবেচনা করা যাবে।

সংশ্লিষ্ট সার্কুলার ও সার্কুলার লেটার সমূহের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,


(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোন- ৯৫৩০৫০২
E-mail: swapan.roy@bb.org.bd

**“কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল”**
**এর আওতায় স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠানের তালিকা**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম |
|---|---|
| ০১ | একটিভিটি ফর রিফরমেশন অব বেসিক নীডস্ (Arban) |
| ০২ | এসোসিয়েশন ফর রাইটস্ এন্ড পিস (ARP) |
| ০৩ | এসোসিয়েশন অব গ্রাসরুটস্ উইমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ (AGWEB) |
| ০৪ | বাংলাদেশ এসোসিয়েশন ফর সোস্যাল এডভান্সমেন্ট (BASA) |
| ০৫ | বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (BWCCI) |
| ০৬ | বাংলাদেশ হিউম্যান রাইটস্ এন্ড রিসোর্সেস ডেভেলপমেন্ট সোসাইটি (BHRRDS) |
| ০৭ | বাসাবো জনকল্যাণ সংস্থা (BJS) |
| ০৮ | বুরো বাংলাদেশ |
| ০৯ | বিয়ান মনি সোসাইটি (BMS) |
| ১০ | ক্রিয়েটিভ আইটি লিমিটেড |
| ১১ | ঢাকা আহ্ছানিয়া মিশন |
| ১২ | ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (DCCI) |
| ১৩ | মার্স সলিউশনস লিঃ |
| ১৪ | মাইক্রো ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট এ্যাসিস্টেন্স এন্ড সার্ভিসেস্ (MIDAS) |
| ১৫ | নারী উন্নয়ন ফোরাম |
| ১৬ | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (NASCIB) |
| ১৭ | পল্লী উন্নয়ন প্রকল্প |
| ১৮ | পিস্ এন্ড রাইটস্ ডেভেলপমেন্ট অব সোসাইটি (PRDS) |
| ১৯ | রুরাল প্ল্যানিং এন্ড ডেভলোপমেন্টাল অর্গানাইজেশন (RPDO) |
| ২০ | রুরাল ডেভেলপমেন্ট একাডেমি (RDA) |
| ২১ | সচেতন সাহায্য সংস্থা (SSS) |
| ২২ | সমতা ওয়ার্ল্ড ফাউন্ডেশন |
| ২৩ | ক্ষুদ্র ও কুটির শিল্প প্রশিক্ষণ ইনস্টিটিউট (SCITI) |
| ২৪ | সোশ্যাল ডেভেলপমেন্ট সার্ভিস (SDS) |
| ২৫ | সানলাইফ ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (SDO) |
| ২৬ | ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (TMSS) |
| ২৭ | UCEP বাংলাদেশ |
| ২৮ | ভলান্টারী অর্গানাইজেশন ফর সোস্যাল ডেভেলপমেন্ট (VOSD) |